



পর্যবর্জ্য ব্যবস্থাপনার (এফএসএম)

প্রাতিষ্ঠানিক

এবং

আইনি কাঠামো

পোর্সভাসমূহ

OCTOBER 2017

Institutional and Regulatory Framework for Faecal Sludge Management (IRF-FSM)

Published by:

Policy Support Branch (PSB)
Local Government Division
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Government of the People's Republic of Bangladesh

Supported by:

United Nations Children's Fund
BSL Office Complex, 1 Minto Road, Dhaka 1000, Bangladesh

October 2017

Prepared by:

Working Committee formed by the Local Government Division,
Ministry of Local Government, Rural Development and Co-operatives

Copyright:

Local Government Division, Ministry of Local Government, Rural Development and
Co-operatives, Government of the People's Republic of Bangladesh.
This publication or any part of it can be reproduced in any form with due acknowledgement.



পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার (এফএসএম)

প্রাতিষ্ঠানিক

এবং

আইনি কাঠামো

পৌরসভাসমূহ





Minister
Ministry of Local Government,
Rural Development and Cooperatives
Government of the People's Republic of Bangladesh

Message

I am delighted that the Policy Support Unit (PSU) of the Local Government Division (LGD) has prepared the Institutional and Regulatory Framework for Faecal Sludge Management (IRF-FSM) for the Water and Sanitation sector in Bangladesh.

The Local Government Division of the Government of Bangladesh has the mission objective of 'Improving the standard of living of the people by strengthening local government systems and institutions and implementing activities for social, economic and infrastructure development'. It is therefore with great pleasure that I introduce the Institutional and Regulatory Framework for Faecal Sludge Management (IRF-FSM) – a document that will be of utmost importance in supporting local government to implement FSM services for the benefit of our country's people.

I believe the IRF is closely aligned with our mandate in its objectives of promoting public health and social progress, as well as creating the scope for economic opportunities. Alongside, the development of this framework is a significant and tangible step in Bangladesh's journey towards Sustainable Development Goal (SDG) 6.2, and continues our country's proud history of being a pioneer in the field of sanitation.

While we have made great strides in the past few decades—eliminating open defecation and greatly expanding access to improved sanitation—it is time that we move forward to the next step of the sanitation ladder. The IRF will be instrumental in guiding us through this upcoming phase, and I urge those of us working in local government to strive for its swift and effective implementation. Maintaining our hard-won gains in sanitation requires all of us to face this new journey with the same spirit of coordination, will and determination with which we ended open defecation.

I thank all those involved in the development of this framework for their hard work and dedication. I particularly commend them on the comprehensiveness of this framework, which addresses the roles and responsibilities of diverse local government institutions, including in rural areas, Paurashavas and cities.

Bangladesh has made its presence felt across the world due to our innovation and ingenuity in tackling considerable challenges despite many constraints. It is our responsibility and our privilege to maintain this leadership, and fulfil our Honourable Prime Minister's vision of showcasing Bangladesh as a champion of Global Goal 6. I hope our local government institutions, development partners, civil society and citizens will all work together towards the objectives of the IRF, and support Bangladesh on its journey towards safely managed sanitation for all. I look forward to the successful implementation of this valued IRF-FSM by the Government of Bangladesh.

Long live Bangladesh!

Khandker Mosharraf Hossain, MP



Secretary
Local Government Division
Ministry of Local Government,
Rural Development and Cooperatives
Government of the People's Republic of Bangladesh

Message

Bangladesh is truly a land of marvels. Despite our challenges as a developing country, we have made great progress on many social and economic fronts, and have been globally recognised for our success in improving health and education, reducing poverty, and building a vibrant economy. We have recently attained the status of a middle-income country, a testament to our nation's resourcefulness and our government. All this has been possible because of a strong combination of visionary leadership and grassroots participation in national development.

This is most evident in our national success on tackling the sanitation crisis. Whereas in 1990, at least 34% of the country's population were defecating in the open, this figure now stands at 0. This remarkable turnaround was possible because of the joint efforts of government, development partners and our people.

I believe the time has come again for such a united effort. We have ended open defecation in our country, but we now face the possibility of losing all our gains from unsafe dumping of faecal waste into the environment. This Institutional and Regulatory Framework for Faecal Sludge Management (IRF-FSM) represents a timely and very necessary step by the Local Government Division of the Ministry of Local Government, Rural Development and Cooperatives, to guide our Department of Public Health Engineering (DPHE), Water and Sewerage Authorities (WASAs), local government and city authorities to ensure proper treatment and disposal of waste. This framework is of enormous importance to the health and safety of our citizens, and I hope we will see its immediate roll-out and implementation.

We have already taken steps to attain the Sustainable Development Goals (SDGs), and our Honourable Prime Minister envisions Bangladesh as a model for Goal 6 – ensuring water and sanitation for all. The government's Vision 2021 also promises universal access to sanitation. I believe the IRF-FSM will play a pivotal role in achieving these milestones, and establish Bangladesh as a pioneer and leader in the area of faecal sludge management. I hope this regulatory framework will be of benefit to the local government institutions who will be central to this process, and I wish them every success in its implementation.

I thank my colleagues of the Local Government Division (LGD), especially the Additional Secretary (Water Supply) and the Deputy Secretary (Water Supply) for their proactive roles and continued support. I also thank my colleagues working with the Policy Support Unit (PSU) for their relentless efforts at managing the uphill task of IRF preparation and presenting it to the nation. I must make a particular mention of the valuable contribution, praiseworthy dedication and excellent leadership of the Project Director, Policy Support Unit (PSU). Indeed, he has demonstrated all such attributes through the trajectory of the IRF preparation and its dissemination.

Finally, I take the privilege of introducing the IRF to all stakeholders, hoping that all our endeavours will succeed eventually in effectively implementing the Framework.

Abdul Malek



**Additional Secretary (WS)
Local Government Division
Ministry of Local Government,
Rural Development and Cooperatives
Government of the People's Republic of Bangladesh**

FOREWORD

It gives me immense pleasure to know that the Institutional and Regulatory Framework for Faecal Sludge Management (IRF-FSM) is being published by the Local Government Division (LGD) under the Ministry of Local Government, Rural Development and Cooperatives. Bangladesh's recent achievement in attaining open defecation-free status comes in the context of coordinated drives by the Government of Bangladesh, local government institutes, development partners and communities to expand access to toilets. However, as the Sustainable Development Goal (SDG) 6.2 captures, we are no longer in a world where sanitation is a matter of providing access to toilets only. It is imperative that we go beyond constructing toilets to climbing up the sanitation ladder, with long-term support and shared investment involving government ministries, development partners, the private sector and communities.

Faecal sludge management (FSM) is often highlighted as an affordable, sustainable and viable technical solution for safe and proper management of excreta, and over the years it has been praised in the literature for its potential in meeting the global sanitation challenge, particularly the SDG 6.2 targets. In the journey to Leaving No One Behind by 2030, safely managed excreta will emerge as a key area of work for all of us.

This Institutional and Regulatory Framework covers on-site sanitation facilities and areas served by such facilities, as well as areas to be served by sewer networks and FSM services jointly. The framework has four distinct parts: Mega-city Dhaka, City Corporations, Paurashavas and Rural areas. In each part, the framework identifies the functional ways and means of implementing FSM services, and the related roles and responsibilities of different institutions and stakeholders. The institutional roles and responsibilities specified in this framework are aligned with existing acts and policies of the country, and therefore provides relevant authorities with clear guidance on how to address FSM as part of their ongoing work.

I would like to express my gratitude to the stakeholders of the sector, including the national and international NGOs, DPHE, WASAs, UNICEF and other development partners, who have rendered valuable inputs and support in the process of the regulatory framework for Faecal Sludge Management. preparation. I also thank my colleagues in the ministry, for making important contributions. I also extend my thanks to ITN-BUET for contributing their knowledge and expertise, and to UNICEF for their support in its publication.

Finally, I greatly appreciate the tremendous efforts of the Policy Support Unit (PSU) of LGD for their courage and enthusiasm in finalising this Institutional and Regulatory Framework for Faecal Sludge Management. I am very optimistic that the IRF-FSM will drive Bangladesh's progress on FSM, and play a central role in achieving SDG 6.2.

Nasreen Akhter

ACKNOWLEDGMENTS

The National Forum for Water Supply and Sanitation in its 16th Meeting took the decision to develop the Institutional and Regulatory Framework for Faecal Sludge Management (IRF-FSM) in Bangladesh, under the leadership of ITN-BUET with necessary policy level support from the Policy Support Unit (PSU) (renamed as Policy Support Branch) of Local Government Division (LGD) of the Ministry of Local Government, Rural Development and Cooperatives (MLGRDC). Subsequently, a Working Committee was formed by the LGD, MLGRDC comprising members of all relevant stakeholders to support development of the IRF-FSM. Since then, ITN-BUET has engaged with all the relevant actors and stakeholders in the country's sanitation sector to incorporate knowledge, expert opinions and to identify functional ways of providing FSM services to people.

The Institutional and Regulatory Framework has been developed with the central notion of ensuring safe sanitation practice in our country, aligned with Global Goal 6.2. The IRF-FSM has been developed separately for city corporations, municipalities, rural areas, and the mega-city of Dhaka – laying out the institutional roles and responsibilities to implement FSM services in these different contexts. This endeavour would not have been completed without the initiative of the Policy Support Unit (PSU) of LGD. We are thankful to Mr. Md. Mohsin, Project Director and Md. Abdur Rauf, Assistant Project Director, Policy Support Unit, LGD for their heartfelt enthusiasm and support. ITN-BUET gratefully acknowledges the contribution and deep engagement of Dr. Md. Mujibur Rahman, Professor of Civil Engineering of Bangladesh University of Engineering and Technology (BUET) and Co-chair (Focal Person) of the Working Committee, in developing this framework. ITN-BUET also acknowledges the contribution of Wing Chief, WS Wing, Local Government Division who served as Chairperson of the Working Committee. We are also indebted to Mr. Abdul Malek, Secretary of Local Government, Rural Development and Cooperatives, for his benevolent and keen interest on this subject matter, and his strategic guidance from the very beginning. A special thanks also goes to Ms. Nasreen Akhter, Additional Secretary of LGD, for her kind support.

We are obliged to the representatives of development partners, academic and research institutions, UNICEF, national and international NGOs including Water Aid Bangladesh, private entrepreneurs and individual experts who have contributed immensely through their precious time, expertise, wisdom and insights in developing this framework. We are also grateful to the mayors and chairmen from various cities and Paurashavas who joined in many meetings from remote areas of the country to share their experiences. We are also beholden to all who supported us to translate the framework into Bengali.

Finally, we would like to extend our wholehearted thanks to the sanitation workers who shared their practical knowledge and experiences with us, which have been invaluable in finalising this framework.

It is our sincere hope that this framework contributes to improving Bangladesh's sanitation scenario, and establishing our country as a leader in faecal sludge management in our region.

Dr. Muhammad Ashraf Ali
Professor of Civil Engineering, and
Director, ITN-BUET

সূচিপত্র

অধ্যায় ১ :	পটভূমি	১
অধ্যায় ২ :	পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা কাঠামোর উদ্দেশ্য এবং পরিধি	২
অধ্যায় ৩ :	অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ	৩
অধ্যায় ৪ :	প্রাতিষ্ঠানিক ভূমিকা ও দায়িত্বসমূহের বন্টন	৫
	৪.১ বিদ্যমান আইন, বিধান ও প্রবিধানের ধারণা	৫
	৪.২ প্রাতিষ্ঠানিক ভূমিকা ও দায়িত্বসমূহ	৫
	৪.৩ মাঠ পর্যায়ে আইনি বাধ্যবাধকতা অনুসরণে “পরিবেশ পুলিশ”	৯
	৪.৪ দক্ষতা বৃদ্ধি, প্রশিক্ষণ এবং গবেষণা	৯
	৪.৫ সচেতনতা বৃদ্ধি	১০
	৪.৬ কারিগরি এবং তহবিল সহায়তা	১০
অধ্যায় ৫ :	পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা চেইনের আর্থিক দিক	১১
	৫.১ পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার খরচ	১১
	৫.২ পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার প্রস্তাবিত তহবিল প্রবাহ	১১

শব্দসংক্ষেপ তালিকা

এআইটি	এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি
বিএআরসি	বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল
বিএআরআই	বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট
বিএনবিসি	বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড
বুয়েট	বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
সিবিও	কমিউনিটি বেজড্ অর্গানাইজেশন
সিটিও	কালেকশন অ্যান্ড ট্রান্সপোর্টেশন অপারেটর
ডিএই	ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার এজটেনশন
ডিএপি	ডিটেইল্ড এরিয়া প্ল্যান
ডিএমডিপি	ঢাকা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান
ডিএনসিসি	ঢাকা নর্থ সিটি কর্পোরেশন
ডিওই	ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্ট
ডিপিএইচই	ডিপার্টমেন্ট অব পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং
ডিএসসিসি	ঢাকা সাউথ সিটি কর্পোরেশন
ডিওয়াসা	ঢাকা ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যুয়ারেজ অথরিটি
এফএসএম	ফিকেল স্লাজ ম্যানেজমেন্ট
জিওবি	গভর্নমেন্ট অব বাংলাদেশ
আইসিডিডিআর,বি	ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডাইরিয়াল ডিজিজ অ্যান্ড রিসার্চ, বাংলাদেশ
আইইডিসিআর	ইনস্টিটিউট অব এপিডেমিওলজি ডিজিজ কন্ট্রোল অ্যান্ড রিসার্চ
আই/এনজিও	ইন্টারন্যাশনাল / নন গভর্নমেন্ট অর্গানাইজেশন
আইটিএন	ইন্টারন্যাশনাল ট্রেনিং নেটওয়ার্ক সেন্টার
আইডব্লিউএমআই	ইন্টারন্যাশনাল ওয়াটার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট
জেএমপি	জয়েন্ট মনিটরিং প্রোগ্রাম
এলজিডি	লোকাল গভর্নমেন্ট ডিভিশন
এলজিইডি	লোকাল গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট
এমওএ	মিনিস্ট্রি অব এগ্রিকালচার
এমওইএফ	মিনিস্ট্রি অব এনভায়রনমেন্ট অ্যান্ড ফরেস্ট
এমওএইচএ	মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্স
এমওএলজিআরডিসি	মিনিস্ট্রি অব লোকাল গভর্নমেন্ট রুরাল ডেভেলপমেন্ট অ্যান্ড কোঅপারেটিভিস্
এনএফডাব্লিউএসএস	ন্যাশনাল ফোরাম ফর ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যানিটেশন
এনজিও	নন গভর্নমেন্ট অর্গানাইজেশন
টিএফও	ট্রিটমেন্ট ফ্যাসিলিটিস অপারেটর
ওয়াসা	ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যুয়ারেজ অথরিটি
ডব্লিউইডিসি	ওয়াটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার, লফবোরাও ইউনিভার্সিটি

শর্তাবলি ও সংজ্ঞা

- পয়ঃবর্জ্য :** সব ধরনের অনসাইট স্যানিটেশন ব্যবস্থা, যেমনঃ সেপটিক ট্যাংক, একুয়া প্রিভি, পিট ল্যাট্রিন, কমিউনিটি মাল্টিপ্যাল পিট সিস্টেম ইত্যাদি থেকে অপসারণকৃত বর্জ্য ।
- সেপটেজ :** পয়ঃবর্জ্য, যা সেপটিক ট্যাংকে পুঞ্জীভূত হয় ।
- সুয়েজ স্লাজ :** পয়ঃবর্জ্য পরিশোধনাগারে পয়ঃবর্জ্য শোধন প্রক্রিয়ার মাধ্যমে যে বর্জ্য তৈরি হয় । শিল্পকারখানার বর্জ্য পানি মিশ্রিত থাকায় সুয়েজ স্লাজ গৃহস্থ ল্যাট্রিন থেকে সৃষ্ট পয়ঃবর্জ্যের চেয়েও বেশি ক্ষতিকর হতে পারে ।
- সেপটিক ট্যাংক :** একটি জলনিরোধী, বহু প্রকোষ্ঠ বিশিষ্ট এবং সাধারণত মাটির নিচে তৈরিকৃত আধার, যেখানে বাসাবাড়ির বা অন্য ভবন থেকে নির্গত পয়ঃবর্জ্য জমা হয় । এটি মূলতঃ পয়ঃবর্জ্যের কঠিন দ্রব্য পৃথক ও মজুত করে এবং পয়ঃবর্জ্যের জৈব অংশকে আংশিক শোধন করে ।

অনসাইট স্যানিটেশন

- সিস্টেম :** স্যানিটেশন অবকাঠামো যা গৃহস্থালি চত্বর থেকে মানুষের পয়ঃবর্জ্য সংগ্রহ, মজুত এবং অপসারণ করার জন্য নির্মিত হয় এবং যার মধ্যে রয়েছে সেপটিক ট্যাংক পদ্ধতিসহ বিভিন্ন ধরনের পিট ল্যাট্রিন ।
- বর্জ্য অপসারণ :** একটি প্রক্রিয়া, যা সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন অথবা বর্জ্য পানি পরিশোধনাগার থেকে পুঞ্জীভূত স্লাজ/সেপটেজ অপসারণ করাকে বোঝায় ।
- গৃহস্থালি সুয়েজ :** অপরিশোধিত পয়ঃবর্জ্য সংবলিত পানি, যা আবাসিক এবং বাণিজ্যিক উৎস থেকে আসে । গৃহস্থালির বর্জ্য পানিতে শিল্পকারখানা অথবা অন্য ক্ষতিকর বর্জ্যের মিশ্রণ থাকে না ।
- পয়ঃনিষ্কাশন ব্যবস্থা :** একটি ব্যবস্থা, যার মাধ্যমে পয়ঃবর্জ্য পানি একটি পাইপ নেটওয়ার্কের মাধ্যমে সংগ্রহ করে পরিশোধনাগার পর্যন্ত বহন করা হয়, এবং পরিশোধনের পরে পরিশোধিত পানি নিষ্কাশন করা হয় । এর মধ্যে পয়ঃবর্জ্য সংগ্রহ, পরিবহন এবং বর্জ্য পাম্প করার মতো সকল অবকাঠামো অন্তর্ভুক্ত ।
- পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা :** এটি সেপটেজ ব্যবস্থাপনা নামেও পরিচিত । পয়ঃবর্জ্য ব্যবস্থাপনায় সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন এবং বর্জ্য পানি পরিশোধনাগার থেকে সৃষ্ট বর্জ্য সংগ্রহ, পরিবহন, পরিশোধন এবং অপসারণের বিভিন্ন প্রযুক্তি ও পদ্ধতি অন্তর্ভুক্ত রয়েছে ।
- বায়োসলিডস্ :** সাধারণত পরিশোধিত পয়ঃবর্জ্য অথবা পয়ঃবর্জ্য পরিশোধনাগারে পরিশোধিত বর্জ্য পদার্থ হচ্ছে বায়োসলিডস্ । সাধারণত বায়োসলিডসে নিঃশেষিত জৈব উপাদান এবং মৃত অনুজীব থাকে, যা জৈব রাসায়নিক সার বা মাটির কঙ্কিশনার হিসেবে ব্যবহার করা যেতে পারে ।

পটভূমি

বাংলাদেশে পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা (এফএসএম) সেবা না থাকায় বিশেষত শহর এলাকায় মারাত্মক পরিবেশ দূষণ হচ্ছে, যা জনস্বাস্থ্য ও অর্থনীতি উভয়কেই ক্ষতিগ্রস্ত করছে। ঢাকা শহরের কিছু সীমিত এলাকা ব্যতীত দেশের সর্বত্র অনসাইট স্যানিটেশন ব্যবস্থা বিদ্যমান এবং এর ফলে সেপটিক ট্যাংক ও পিট ল্যাট্রিন (সাধারণ পিট ল্যাট্রিন/ পোর-ফ্লাশ ল্যাট্রিন) সমূহে প্রচুর পরিমাণ পয়ঃবর্জ্য জমা হয়, যার ব্যবস্থাপনা অত্যন্ত নাজুক ও ঝুঁকিপূর্ণ।

পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতির মধ্যে অনসাইট স্যানিটেশনসহ এফএসএম সেবা চেইন (বর্জ্য সংগ্রহ করা থেকে পরিশোধন, অপসারণ করা পর্যন্ত) অন্তর্ভুক্ত, যা ১ নং চিত্রে দেখানো হলো। অধিকাংশ পৌরসভাগুলোতে সেপটিক ট্যাংক পদ্ধতি এবং বিভিন্ন ধরনের পিট ল্যাট্রিনের প্রাধান্য দেখা যায়। তবে, বেশিরভাগ পৌরসভাতেই কার্যকরী এফএসএম পদ্ধতি না থাকায় এবং মনিটরিংয়ের অভাবে ল্যাট্রিনের পয়ঃবর্জ্য সরাসরি ড্রেন, নালা বা খোলা স্থানে ফেলা হয়ে থাকে। পৌরসভাগুলোতে অনসাইট স্যানিটেশন পদ্ধতির নকশা, স্থাপনা এবং রক্ষণাবেক্ষণ সাধারণত নিম্নমানের হয়। সচরাচর, ল্যাট্রিন ব্যবহারকারীর সংখ্যা বিবেচনা না করে এবং কতদিন পর পর পরিষ্কার করা হবে তা নকশায় উল্লেখ না করে গতানুগতিক পদ্ধতিতে রাজমিস্ত্রির মাধ্যমে সেপটিক ট্যাংক নির্মাণ করা হয়। সেপটিক ট্যাংকে যথাযথভাবে ইনলেট এবং আউটলেট ডিভাইস (যেমনঃ T) যুক্ত থাকে না। অনেক ক্ষেত্রেই সেপটিক ট্যাংকের বর্জ্য পানি অপসারণ করার জন্য সোক পিট থাকে না। যদিও যথাযথভাবে বানানো দুই পিট বিশিষ্ট পোর-ফ্লাশ ল্যাট্রিন (Twin-pit offset pour-flush latrine) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার জন্য খুবই উপযোগী, কিন্তু সচেতনতার অভাবে এই প্রযুক্তি ব্যাপক পরিসরে ব্যবহার করা হয় না।



চিত্র ১ : পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা (Fecal Sludge Management) পদ্ধতির উপাদানসমূহ

পিট বা সেপটিক ট্যাংক পরিষ্কারের জন্য সাধারণত নির্দিষ্ট কোনো সময়সূচি অনুসরণ করা হয় না। পিট বা সেপটিক ট্যাংক যখন ভরে উপচে পড়ে তখন সনাতন পদ্ধতিতে পয়ঃবর্জ্য অপসারণ বা খালি করা হয়। যদিও কোনো কোনো পৌরসভায় সীমিত আকারে যান্ত্রিক পদ্ধতিতে পয়ঃবর্জ্য সংগ্রহ বা খালি করার ব্যবস্থা আছে, তথাপি ম্যানুয়াল (সনাতন) পদ্ধতিতে পয়ঃবর্জ্য অপসারণ করা সাধারণত দেখা যায়। পিট বা সেপটিক ট্যাংকের পয়ঃবর্জ্য সম্পূর্ণভাবে বা কার্যকরভাবে অপসারণ করার ক্ষেত্রে প্রচলিত প্রক্রিয়ায় (সনাতন ও যান্ত্রিকভাবে দুই পদ্ধতিতেই) অনেক সীমাবদ্ধতা আছে; সেপটিক ট্যাংক ও পিটের অবস্থান ও কাঠামো প্রায়শই ত্রুটিপূর্ণভাবে করার ফলে সেখান থেকে পয়ঃবর্জ্য সংগ্রহ ও নিষ্কাশন করা সহজ হয় না। ম্যানুয়াল (সনাতন) পদ্ধতিতে যারা সেপটিক ট্যাংক/পিট খালি করে তাদের পেশাগত স্বাস্থ্যঝুঁকি একটি প্রধান উদ্বেগের বিষয়। সংগৃহীত পয়ঃবর্জ্য সচরাচর কাছাকাছি কোনো খোলা ড্রেন, নালা অথবা জলধারে ফেলা হয়। প্রকৃতপক্ষে পরিবহন খরচ বেশি হওয়ায় এবং মনিটরিং ব্যবস্থা না থাকার কারণে অনেক সময় পরিশোধনের সুযোগ থাকা সত্ত্বেও পৌরসভার পয়ঃবর্জ্য সঠিকভাবে পরিশোধিত হয় না। বর্তমানে সীমিত সংখ্যক পৌরসভায় পয়ঃবর্জ্য পরিশোধনের ব্যবস্থা আছে এবং এর মধ্যে অনেকগুলোতেই রক্ষণাবেক্ষণের সমস্যা আছে। জমির অধিক মূল্য, জমি না পাওয়া, অবকাঠামো তৈরি ও রক্ষণাবেক্ষণের অত্যধিক খরচ এবং দক্ষতার অভাব ইত্যাদি কারণে পৌরসভাগুলো পয়ঃবর্জ্য পরিশোধনাগার তৈরি ও রক্ষণাবেক্ষণে সমস্যার সম্মুখীন হয়।

জনস্বাস্থ্য এবং পরিবেশের সুরক্ষার জন্য পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার গুরুত্বের ব্যাপারে সমাজের সকল স্তরে সচেতনতার অভাব রয়েছে। পয়ঃবর্জ্য ব্যবস্থাপনায় পৌরসভাগুলোতে সম্পদ ও প্রশিক্ষিত জনবল উভয়েরই অভাব রয়েছে; পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার জন্য পৌরসভার জনবল কাঠামোতে আলাদা কোনো শাখা বা বিভাগ নেই। পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা প্রদানের ক্ষেত্রে কার্যকরী ব্যবসায়িক মডেল না থাকায় পৌরসভাগুলো নানা অসুবিধায় ভুগছে। বেশিরভাগ পৌরসভায় পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার মৌলিক অবকাঠামো (যেমনঃ পরিশোধনাগার, পয়ঃবর্জ্য অপসারণের যান্ত্রিক উপকরণ, ইত্যাদি) না থাকায় এই সেবা দেয়া এবং তা টেকসই করা সম্ভব হচ্ছে না। যদিও স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী পৌরসভাগুলো পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত, তথাপি জনসচেতনতা বৃদ্ধি, পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা অবকাঠামোর উন্নয়ন এবং কার্যকরী পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা প্রদানে সকল স্টেকহোল্ডারদের (যেমনঃ সরকারি, বেসরকারি সংস্থা, উন্নয়ন সহযোগী, গবেষণা প্রতিষ্ঠান, নাগরিক সমাজ এবং গণমাধ্যম) সম্পৃক্ততা এবং সহযোগিতা প্রয়োজন।

পর্যবেক্ষণ ব্যবস্থাপনা কাঠামোর উদ্দেশ্য ও পরিধি

পর্যবেক্ষণ ব্যবস্থাপনা কাঠামোর প্রাথমিক উদ্দেশ্য হলো পৌরসভাকে পর্যবেক্ষণ ব্যবস্থাপনা সেবা বাস্তবায়নে সহায়তা প্রদান করা। বিশেষভাবে এই কাঠামোর মাধ্যমে :

- (ক) পৌরসভায় পর্যবেক্ষণ ব্যবস্থাপনা বাস্তবায়নের উপায় ও মাধ্যমসমূহ চিহ্নিত করা; এবং
- (খ) কার্যকরী পর্যবেক্ষণ ব্যবস্থাপনা বাস্তবায়নে বিভিন্ন প্রতিষ্ঠান ও স্টেকহোল্ডার বিশেষত পৌরসভার সুনির্দিষ্ট ভূমিকা ও দায়িত্বসমূহ নির্ধারণ করা।

পর্যবেক্ষণ ব্যবস্থাপনা বিষয়ক এই কাঠামোতে প্রধানত স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (সংশোধিত ২০১০)-এর উপর ভিত্তি করে প্রাতিষ্ঠানিক ভূমিকা ও দায়িত্বসমূহ সুনির্দিষ্ট করা হয়েছে, যা সকল পৌরসভার ভূমিকা ও দায়িত্ব বিষয়ে নির্দেশনা প্রদান এবং নিয়ন্ত্রণ করে। তবে, প্রয়োজনে সুনির্দিষ্ট ভূমিকা ও দায়িত্ব সম্পাদনের জন্য স্থানীয় সরকার বিভাগ/পৌরসভা এই কাঠামোর আওতায় প্রয়োজনীয় বিধি/প্রবিধান/উপ-আইন (পৌরসভা আইন, ২০০৯ কাঠামোর মধ্য থেকে) তৈরি করতে পারবে।

শুধুমাত্র অনসাইট স্যানিটেশন ব্যবস্থা এবং এই ব্যবস্থার অন্তর্ভুক্ত অঞ্চলসমূহ এই এফএসএম কাঠামোর আওতাভুক্ত হবে। যদি কোনো পৌরসভায় বা পৌরসভার কোনো অংশে স্যুরেজ সিস্টেম চালু করা হয়, তা হলে এই কাঠামো পৌরসভার ঐ অংশের জন্য প্রযোজ্য হবে না। তবে, পৌরসভায় বা এর কোনো অংশে যদি বাসধর্ম নড়ৎব ববিৎধমব ঙ্ংবস (বাইবা) চালু হয়, তাহলে বাইবা সিস্টেম এর আওতাভুক্ত এলাকাসমূহ এই এফএসএম কাঠামোর আওতাধীনেই থাকবে।

অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ

কার্যকরী পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার পূর্বশর্ত হচ্ছে একটি সুনির্দিষ্ট প্রাতিষ্ঠানিক কাঠামো। কার্যকরী, নিরাপদ ও টেকসই পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার জন্য বিদ্যমান আঞ্চলিক অবস্থা, দক্ষতা, সামর্থ্য ও অঙ্গীকারের উপর ভিত্তি করে প্রতিষ্ঠানসমূহের সুনির্দিষ্ট ভূমিকা ও দায়িত্ব নির্ধারণ করা প্রয়োজন। যেহেতু সমগ্র এফএসএম সেবা ব্যবস্থার উপাদানসমূহ পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত, তাই প্রতিষ্ঠানসমূহের ভূমিকা ও দায়িত্বসমূহ সুস্পষ্টভাবে সংজ্ঞায়িত হওয়া এবং প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় থাকা জরুরি।

উপরে বর্ণিত বিষয়ের আলোকে পৌরসভায় পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার সামগ্রিক পরিকল্পনা, উন্নয়ন, বাস্তবায়ন, অনুশীলন, মনিটরিং ও মূল্যায়নে কার্যকরী ভূমিকা পালনের জন্য নিচের প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত করা হয়েছে।

(ক) **মন্ত্রণালয়সমূহ :** এই পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার (এফএসএম) প্রাতিষ্ঠানিক এবং আইনি কাঠামোটি অনুমোদন করা; তহবিল নিশ্চিত করা; সংশ্লিষ্ট লাইন এজেন্সিসমূহের (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর) মাধ্যমে কারিগরি সহায়তা প্রদান; এর মাধ্যমে আইন, নীতিমালা, কৌশল এবং নির্দেশনা সমূহের প্রয়োগ নিশ্চিত করা; পয়ঃবর্জ্য ব্যবস্থাপনায় সমন্বিত পরিকল্পনা গ্রহণ এবং এর যথাযথ বাস্তবায়ন, এবং জাতীয় পানি সরবরাহ ও স্যানিটেশন ফোরাম (এনএফডাব্লিউএসএস)-এর মাধ্যমে মনিটরিং করা।

- স্থানীয় সরকার বিভাগ; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়: নেতৃত্বদানকারী মন্ত্রণালয়
- পরিবেশ ও বন মন্ত্রণালয়
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- কৃষি মন্ত্রণালয়
- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
- পানি সম্পদ মন্ত্রণালয়
- শিক্ষা মন্ত্রণালয়
- তথ্য মন্ত্রণালয়
- বিদ্যুৎ ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
- শিল্প মন্ত্রণালয়
- নৌ-পরিবহন মন্ত্রণালয়
- রেলপথ মন্ত্রণালয়
- ভূমি মন্ত্রণালয়
- স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

(খ) **স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং লাইন এজেন্সিসমূহ :** সমগ্র পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বাস্তবায়ন করা

- পৌরসভা - পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার প্রাথমিক ও সার্বিক দায়িত্ব
- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) - সহযোগী ভূমিকা
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) - সহযোগী ভূমিকা

(গ) **দক্ষতা বৃদ্ধিতে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ** : এফএসএম সেবা চেইনে বিভিন্ন স্তরে জ্ঞানের ঘাটতি পূরণ, কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ প্রদান এবং এর বিভিন্ন প্রক্রিয়া ও উৎপাদিত পণ্যের (কম্পোস্ট) গুণগত মানের নিশ্চয়তার জন্য গবেষণা সহায়তা প্রদান।

- মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট লাইন এজেন্সিসমূহ
- আইটিএন-বুয়েট, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়সমূহ, গবেষণা প্রতিষ্ঠানসমূহ
- বিএআরআই, বিআরআরআই, বিএআরসি, এসডিআরআই, আইইডিসিআর, আইসিডিডিআর, বি
- আন্তর্জাতিক গবেষণা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ (যেমনঃ সেনডেক, ইএডাল্লিউএজি, ওয়েডেক, এআইটি, আইএইচই, আইডাল্লিউএমআই)
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
- উন্নয়ন সহযোগী
- আন্তর্জাতিক/ দেশীয় বেসরকারী সংস্থা (I/NGO)
- প্রাইভেট সেক্টর

ঘ) **সচেতনতা বৃদ্ধিতে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ** : সচেতনতা অভিযানে সহায়তা প্রদান, প্রাইভেট সেক্টরের অংশগ্রহণ বৃদ্ধি করা, এফএসএম ব্যবসার বিভিন্ন মডেল উপস্থাপন, কর্মদক্ষতা মূল্যায়ন করা, কারিগরি সহায়তা প্রদান, গবেষণা ও উন্নয়ন সহায়তা এবং তহবিল প্রাপ্তিতে সহায়তা প্রদান।

- মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট লাইন এজেন্সিসমূহ
- বাংলাদেশ আরবান ফোরাম
- উন্নয়ন সহযোগী
- আন্তর্জাতিক/ দেশীয় বেসরকারী সংস্থা (I/NGO)
- সুশীল সমাজ সংগঠন (CSO), কমিউনিটি ভিত্তিক সংগঠন (CBO)
- গবেষণা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়সমূহ
- মুদ্রণ, ইলেকট্রনিক এবং সামাজিক যোগাযোগ মাধ্যম
- প্রাইভেট সেক্টর

প্রাতিষ্ঠানিক ভূমিকা ও দায়িত্বসমূহের বণ্টন

অনুচ্ছেদ ৪.১ : বিদ্যমান আইন, বিধান ও প্রবিধানের ধারণা

স্থানীয় সরকার পৌরসভা আইন, ২০০৯ (সংশোধিত ২০১০) (যা 'পৌরসভা আইন, ২০০৯' বলে বিবেচিত) এর ৫০ ধারার ২ উপধারা মোতাবেক অন্যান্য বিষয়ের মধ্যে পৌরসভার দায়িত্ব হবে পৌর এলাকা সীমানার মধ্যে (ক) আবাসিক, শিল্প ও বাণিজ্যিক ব্যবহারের জন্য পানি সরবরাহ; (খ) পানি ও স্যানিটেশন এবং (গ) বর্জ্য ব্যবস্থাপনা।

পৌরসভা আইন, ২০০৯ এর তফসিল ২ মোতাবেক, যেখানে পৌরসভার বিস্তারিত কার্যাবলি বর্ণনা করা আছে, “পৌরসভা এর সীমানা এলাকায় অবস্থিত সকল জনপথ, পাবলিক টয়লেট, প্রশ্রাবখানা, নর্দমা এবং পৌর এলাকার সকল বসতবাড়ি/ভবন বা অর্পিত বা পতিত ভূমি হতে আবর্জনা সংগ্রহ এবং অপসারণ করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে”। পৌরসভা পাবলিক টয়লেটের দায়িত্বেও থাকবে এবং পৌরসভা আইন, ২০০৯-এর তফসিল ২ মোতাবেক “প্রতিটি পৌরসভা মহিলা ও পুরুষদের ব্যবহারের জন্য যথাযথ স্থানে পর্যাপ্ত সংখ্যক পৃথক পৃথক পাবলিক টয়লেট ও প্রশ্রাবখানার ব্যবস্থা করবে এবং এগুলো ব্যবহার উপযোগী ও সচল রাখার জন্য যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করবে”।

যদিও পৌরসভা আইন, ২০০৯-এ “ফিকাল স্লাজ” কথাটি সুনির্দিষ্টভাবে উল্লেখ নেই (কারণ সে সময়ে এই কথাটির ব্যাপক প্রচলন ছিল না) তথাপি এটা পরিষ্কার যে, ফিকাল স্লাজ বা পয়ঃবর্জ্য (পৌরসভা আইন অনুযায়ী পাবলিক টয়লেট ও প্রশ্রাবখানা, নর্দমা এবং সমস্ত দালানকোঠা ও ভূমিতে জমাকৃত ময়লা) ব্যবস্থাপনার কাজটি পৌরসভার দায়িত্বে বর্তায়।

এটা স্পষ্ট যে, পৌরসভা এসব দায়িত্ব পৌরসভা আইন, ২০০৯-এর বিধি মোতাবেক সম্পাদন করবে। পয়ঃবর্জ্য যথাযথ ব্যবস্থাপনায় যদি পৌরসভা প্রয়োজন মনে করে, তাহলে পৌরসভা আইন, ২০০৯-এ বর্ণিত তফসিল ৬, ৭ এবং ৮ মোতাবেক প্রয়োজনীয় “বিধি”, “প্রবিধি” এবং “উপ-আইন” তৈরি করতে পারবে।


উদাহরণ স্বরূপ, পৌরসভা আইন, ২০০৯-এর তফসিল ৮ মোতাবেক পৌরসভা বিভিন্ন বিষয়ের ন্যায় উপ-আইন বা প্রবিধান তৈরি করতে পারবে, যেমন “স্বাস্থ্য পদ্ধতি ব্যবস্থাপনার জন্য ভূমি ও খানা পরিদর্শন; বাড়ির মালিক কর্তৃক ময়লা-আবর্জনা অপসারণ ও পরিষ্কার করা; সরকারী ও ব্যক্তি মালিকানাধীন টয়লেট ও প্রশ্রাবখানা রক্ষণাবেক্ষণ ও পরিদর্শন করা; জনগণের স্বাস্থ্য ব্যবস্থার দায়িত্ব গ্রহণ করা এবং হরিজনদের (সুইপার) লাইসেন্স প্রদান করা”।

অনুচ্ছেদ ৪.২ : প্রাতিষ্ঠানিক ভূমিকা ও দায়িত্বসমূহ

উপ-অনুচ্ছেদ ৪.২.১ : পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার সামগ্রিক দায়িত্বসমূহ

১. পৌরসভা আইন, ২০০৯-এর বিধি মোতাবেক, পৌরসভা তার কর্মপরিধি এলাকায় পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার পরিকল্পনা ও বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবে (সেবা প্রদানের জন্য আর্থিক/ব্যবসায়িক মডেলসহ)। পৌরসভা আইন, ২০০৯-এর ৯৫ এবং ৯৬ ধারা মোতাবেক পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার অবকাঠামো ও সেবা পরিকল্পনা এবং বাস্তবায়নের জন্য পৌরসভা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, প্রাইভেট সেক্টর এবং বেসরকারি সংস্থার সঙ্গে একত্রে কাজ করতে পারবে (যেমনঃ আউটসোর্সিং-এর মাধ্যমে)। পৌরসভায় পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক কাঠামোর রূপরেখা ২ নং চিত্রে দেখানো হলো।
২. পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা বাস্তবায়নের জন্য পৌরসভা তার মাস্টার প্ল্যানে (পৌরসভা আইন, ২০০৯-এর তফসিল ২ মোতাবেক প্রস্তুতকৃত বা যা প্রস্তুত করা হচ্ছে) প্রয়োজনীয় অবকাঠামো (যেমনঃ পয়ঃবর্জ্য পরিশোধনাগার) অন্তর্ভুক্ত করবে।
৩. পৌরসভা আইন, ২০০৯-এর ৫৫ ধারার ২ উপধারা মোতাবেক পৌরসভা স্বাস্থ্য, পানি ও পয়ঃনিষ্কাশন সম্পর্কিত একটি স্ট্যান্ডিং কমিটি গঠন করবে (যদি ইতোমধ্যে কমিটি গঠন করা না হয়ে থাকে)। এই কমিটি পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার সেবা সম্পর্কিত পরিকল্পনা ও বাস্তবায়নের কাজ তদারকি করবে। প্রয়োজনে এবং প্রাপ্যতা সাপেক্ষে পৌরসভা একজন স্যানিটেশন বিশেষজ্ঞকে এই কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবে (পৌরসভা আইন, ২০০৯-এর ৫৫ ধারার ৯ উপধারা মোতাবেক)।

8. পৌরসভা সকল সরকারি, বেসরকারি, আন্তর্জাতিক সংস্থাসমূহ, কমিউনিটি ভিত্তিক সংগঠন এবং প্রাইভেট সেক্টরের সঙ্গে সকলের অংশগ্রহণ ভিত্তিক (ইনক্লুসিভ) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার পরিকল্পনা এবং বাস্তবায়নের কৌশল প্রণয়নের উদ্যোগ গ্রহণ করবে।



চিত্র ২ : পৌরসভার পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক রূপরেখা

উপ-অনুচ্ছেদ ৪.২.২ : স্যানিটেশন ব্যবস্থাদির এবং স্যুয়েজ/বর্জ্য পানি/“আবর্জনা” অপসারণের যথাযথ নকশা প্রণয়ন ও নির্মাণ নতুন নির্মাণ

১. যখন ভবনের নকশা অনুমোদন করা হবে, তখন পৌরসভা স্যানিটেশন ব্যবস্থার (সেপটিক ট্যাংক, পিট ল্যাট্রিন) নকশা পরীক্ষা করবে এবং এর অবস্থান/বিন্যাসও দেখবে (এটা নিশ্চিত করতে হবে যে সেখানে ম্যানুয়ালি/যান্ত্রিকভাবে পয়ঃবর্জ্য অপসারণের জন্য যাওয়া যাবে) [পৌরসভা আইন, ২০০৯-এর তফসিল ২ মোতাবেক]
২. সেপটিক ট্যাংক ব্যবস্থার (সেপটিক ট্যাংক এবং সোক পিট) নকশা পরীক্ষা করার জন্য বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুসরণ করতে হবে। পিট ল্যাট্রিনের ক্ষেত্রে, যেখানে প্রয়োজনীয় ভূমি আছে, সেখানে পৌরসভা দুই পিট বিশিষ্ট পোর-ফ্লাশ ল্যাট্রিন (অথবা অন্য প্রযুক্তি)-এর ব্যবহার উৎসাহিত করবে, যা পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার দীর্ঘমেয়াদি সমাধান প্রদান করবে।
৩. “ভবন নির্মাণ আবেদনের স্বয়ংক্রিয় অনুমোদনের” (নিবন্ধন অনুমোদনের তারিখ থেকে ৬০ দিন অতিবাহিত হওয়ার পর) যথেষ্ট ব্যবহার প্রতিরোধে স্থানীয় সরকার বিভাগ/পৌরসভা প্রয়োজনীয় বিধি/প্রবিধি/উপ-আইন তৈরি করবে, যা পৌরসভা আইন, ২০০৯-এর ৩৫ ধারার তফসিল ২-এ উল্লেখ করা আছে।
৪. পৌরসভা আইন, ২০০৯-এর ৯৫ ও ৯৬ ধারা মোতাবেক উপরে (১)-এ বর্ণিত কাজ (স্যানিটেশন ব্যবস্থার নকশা ও বিন্যাস পরীক্ষা) পরিচালনার জন্য পৌরসভা প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থাসমূহকে (আউটসোর্সিং-এর মাধ্যমে) অন্তর্ভুক্ত করতে পারবে।

বিদ্যমান/নির্মিত ভবনসমূহ

১. কোনো নতুন ভবন নির্মাণকালে অথবা পুরাতন ভবনের মেরামত কাজ চলাকালে পৌরসভা পরীক্ষা করবে (পৌরসভা আইন, ২০০৯-এর তফসিল ২ মোতাবেক) যে, ভবনের স্যানিটেশন ব্যবস্থাদি নির্ধারিত স্থানে আছে কিনা এবং অনুমোদিত নকশা অনুযায়ী তা নির্মিত হচ্ছে কিনা। যদি এ ব্যাপারে কোনো বিচ্যুতি পাওয়া যায় তাহলে পৌরসভা ভবন মালিককে অনুমোদিত নকশা অনুযায়ী তা পুনর্নির্মাণ করার নির্দেশ দিবে।
২. পৌরসভা আইন, ২০০৯-এর তফসিল ২ (ধারা ৪) মোতাবেক পৌরসভা এলাকায় অবস্থিত যে সব ভবনে স্যানিটেশন ব্যবস্থা (ল্যাট্রিন ও প্রস্রাবখানা) নাই বা অপরিষ্কার রয়েছে বা যথাযথ স্থানে নাই, সেসব ভবন মালিককে স্যানিটেশন ব্যবস্থাদি পুনরায় নির্মাণ করার জন্য অথবা অযাচিত স্থান থেকে সরানোর জন্য পৌরসভা নোটিশ জারি করবে।
৩. পৌরসভা আইন, ২০০৯-এর ৯৫ ও ৯৬ ধারা মোতাবেক পৌরসভা বিদ্যমান/নির্মিত ভবনের স্যানিটেশন ব্যবস্থাদির যাচাই বাছাইয়ের পরিদর্শন কাজ পরিচালনার জন্য প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থাসমূহকে (আউটসোর্সিং পদ্ধতিতে) অন্তর্ভুক্ত করতে পারবে।

স্যুয়েজ/বর্জ্য পানি/আবর্জনা অপসারণ

১. পৌরসভা যথাযথ পরিদর্শনের মাধ্যমে নিশ্চিত করবে যে গৃহস্থালি বর্জ্য, বর্জ্য পানি এবং গৃহের স্যুয়েজ বৃষ্টির পানির ড্রেন বা নালার সঙ্গে না মিশে এবং পয়ঃবর্জ্য আবর্জনা সড়কের উপর, উন্মুক্ত স্থানে বা এ ধরনের আবর্জনা ফেলার জন্য নির্ধারিত নয়, এমন স্থানে ফেলা না হয়। এসকল কাজ পৌরসভা আইন, ২০০৯-এর তফসিল ৪ (ধারা ১০, ১১, ১২, ১৩) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।
২. পৌরসভা আইন, ২০০৯-এর ধারা ১০৮, ১০৯, ১১০ এবং ১১১ মোতাবেক পৌরসভা উপরে (৮) বর্ণিত অপরাধের জন্য (তফসিল ৪ মোতাবেক) শাস্তি আরোপ করবে। পৌরসভা সকল ভবন মালিকদেরকে গৃহস্থালি বর্জ্য/বর্জ্য পানি যথাযথ ভাবে ডিজাইনকৃত সেপটিক ট্যাংকে ফেলার জন্য নির্দেশ প্রদান করবে। সেপটিক ট্যাংক থেকে নির্গত ইফলুয়েন্ট বৃষ্টির পানির ড্রেনের মাধ্যমে অপসারণ করা যেতে পারে। যতদিন পর্যন্ত পয়ঃবর্জ্য পরিশোধনাগার তৈরি না হয়, ততদিন পর্যন্ত সংগৃহীত পয়ঃবর্জ্য পৌরসভা কর্তৃক অনুমোদিত কোনো জমিতে গর্ত খনন করে ফেলতে হবে এবং গর্ত পয়ঃবর্জ্য দ্বারা ভরে গেলে তা মাটি দিয়ে যথাযথভাবে ঢেকে দিতে হবে।
৩. পৌরসভা আইন, ২০০৯-এর ধারা ৯৫ এবং ৯৬ মোতাবেক স্যুয়েজ/বর্জ্য পানি/আবর্জনা অপসারণের অনৈতিক চর্চা (তফসিল ৪ মোতাবেক) চিহ্নিতকরণে পৌরসভা পরিদর্শন/জরিপকাজ পরিচালনার জন্য প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থাসমূহকে অন্তর্ভুক্ত করতে পারবে।

৪. ট্রেন ও নৌযান থেকে পয়ঃবর্জ্য যেন সরাসরি পরিবেশে বা পানিতে ফেলা না হয়, তা নিশ্চিতকরণে যথাযথ পরিকল্পনা/ কর্মসূচি গ্রহণনে স্থানীয় সরকার বিভাগ/পৌরসভা, রেলপথ মন্ত্রণালয় ও নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সঙ্গে কাজ করবে।

উপ-অনুচ্ছেদ ৪.২.৩ : পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন

- (১) পৌরসভা পয়ঃবর্জ্য সংগ্রহ, পরিবহনসহ পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার সামগ্রিক চেইন যথাযথভাবে বাস্তবায়নের দায়িত্বে থাকবে। পৌরসভা পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহনের কাজটি এমনভাবে করবে বা যদি অন্য কেউ করে তাদের কাজ তদারক করবে, যাতে করে স্বাস্থ্যসম্মত ভাবে পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহনের কাজটি করা হয় এবং এ কাজে নিয়োজিত ব্যক্তিদের কোনো স্বাস্থ্য হানি না ঘটে এবং সেই সঙ্গে পরিবেশ ও জনস্বাস্থ্যের উপর কোনো বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি না হয়।
- (২) পিটখালি করার কাজটির মধ্যে “সংগৃহীত পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য নির্ধারিত স্থানে পরিবহন করার বিষয়টিও” অন্তর্ভুক্ত থাকবে। পৌরসভা এটা নিশ্চিত করবে যে, সংগৃহীত পয়ঃবর্জ্য শুধুমাত্র নির্ধারিত স্থানসমূহে পরিশোধন এবং অপসারণের জন্য পরিবহন করা হচ্ছে। সংগৃহীত পয়ঃবর্জ্য কখনোই কোনো উন্মুক্ত স্থানে, জলাশয়ে, নালায় বা নর্দমায় ফেলা হবে না (যা পৌরসভা আইন, ২০০৯ মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ)।
- (৩) পৌরসভা আইন, ২০০৯-এর ধারা ১০৮, ১০৯, ১১০ এবং ১১১ মোতাবেক সংগৃহীত পয়ঃবর্জ্য অননুমোদিত স্থানে (যেমনঃ উন্মুক্ত স্থান, জলাশয় বা বৃষ্টির পানি প্রবাহের ড্রেন বা নর্দমা) অপসারণের জন্য পৌরসভা শাস্তি আরোপ করতে পারবে।
- (৪) পৌরসভা আইন, ২০০৯-এর ধারা ৯৫ এবং ৯৬ মোতাবেক পৌরসভা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা থেকে পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন করতে প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থাসমূহকে অন্তর্ভুক্ত (আউটসোর্সিং-এর মাধ্যমে) করতে পারবে।
- (৫) পিট পয়ঃবর্জ্য খালি করার কাজে নিয়োজিত কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা এবং জনস্বাস্থ্য ও পরিবেশের সুরক্ষা নিশ্চিতকরণে পৌরসভা যান্ত্রিক পদ্ধতিতে পিট পয়ঃবর্জ্য খালিকরণ সেবা চালু ও তার প্রসার ঘটবে। ম্যানুয়াল (সনাতন) পদ্ধতিতে পয়ঃবর্জ্য খালিকরণ কাজে নিয়োজিত ব্যক্তিদের (প্রচলিত নিয়মে পিট পরিষ্কারকারী/পরিচ্ছন্নতাকর্মী) যথাযথ প্রশিক্ষণ ও সহায়তা সেবা দিয়ে পৌরসভা তাদেরকে আধুনিক পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবায় অন্তর্ভুক্ত করে নিবে, যাতে করে পৌরসভা আধুনিক পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা চালু করলে বর্তমানে পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবায় নিয়োজিত কর্মীদের কর্মসংস্থানের কোনো ক্ষতি না হয়।
- (৬) পিট পয়ঃবর্জ্য খালিকরণ প্রক্রিয়ার মধ্যে অনেক ঝুঁকি (hazard) রয়েছে এবং এ জন্য পৌরসভা পিট পয়ঃবর্জ্য খালিকরণ সেবার জন্য স্বাস্থ্য ও নিরাপত্তা নির্দেশাবলী অনুসরণ বাধ্যতামূলক করবে। তবে, যতদিন পর্যন্ত ঐরকম স্বাস্থ্য ও নিরাপত্তা নির্দেশাবলী তৈরি এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত না হয়, ততদিন পর্যন্ত পৌরসভায় এ সংক্রান্ত বর্তমান যে সকল নির্দেশাবলী রয়েছে তা অনুসরণ করবে।
- (৭) পৌরসভা আইন, ২০০৯-এর ধারা ৯৮ এবং তফসিল ৩ মোতাবেক পৌরসভা স্যানিটেশন ব্যবস্থা থেকে পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহনের জন্য মূল্য নির্ধারণ করতে পারবে। যদি পৌরসভায় কোনো পয়ঃবর্জ্য পরিশোধন ব্যবস্থা চালু থাকে এবং সংগৃহীত পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য ঐ পরিশোধন কেন্দ্রে পরিবহন করা হয় তাহলে পৌরসভা পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহনের জন্য মূল্য ধার্য করার ক্ষেত্রে এফএসএম সেবার সকল ধাপসমূহ (যেমনঃ পয়ঃবর্জ্য সংগ্রহ থেকে পরিশোধন পর্যন্ত) বিবেচনায় রাখবে। “কর ও শুল্ক” এবং “স্বাস্থ্য, পানি এবং পয়ঃনিষ্কাশন” সংক্রান্ত স্ট্যাণ্ডিং কমিটিসমূহ পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার জন্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে সহায়তা করবে।
- (৮) অনসাইট স্যানিটেশন ব্যবস্থাসমূহ থেকে যথাযথভাবে, সময়মতো এবং নিয়মিত পয়ঃবর্জ্য সংগ্রহ ও অপসারণের জন্য পৌরসভা তার কর্মপরিধি এলাকায় অবস্থিত স্যানিটেশন ব্যবস্থার এবং সম্ভাব্য কতদিন পর পর তা খালি করতে হবে ক্রমান্বয়ে তার একটি তথ্যভান্ডার (ডাটাবেইজ) তৈরি করবে। কখনও যদি পৌরসভায় সমগ্র পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা (অর্থাৎ সংগ্রহ থেকে পরিশোধন/অপসারণ পর্যন্ত) চালু হয়, তখন সকল অনসাইট স্যানিটেশন ব্যবস্থাদি থেকে সাময়িক এবং কার্যকরীভাবে পয়ঃবর্জ্য খালি করার কাজে এই তথ্য ভান্ডার ব্যবহার করা হবে। যে সমস্ত বসতবাড়ি/প্রতিষ্ঠান পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা গ্রহণ করেছে পৌরসভা তাদেরও একটি তথ্য ভান্ডার তৈরি করবে।

উপ-অনুচ্ছেদ ৪.২.৪ : পয়ঃবর্জ্য পরিশোধন, অপসারণ এবং পুনঃব্যবহার

- (১) পৌরসভা পয়ঃবর্জ্য পরিশোধন, অপসারণ এবং পুনঃব্যবহারসহ সমগ্র পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা যথাযথভাবে বাস্তবায়নের দায়িত্বে থাকবে। পৌরসভা এই সকল কাজগুলো নিজে বাস্তবায়ন করবে অথবা অন্য কেউ করলে তা তদারকির মাধ্যমে নিশ্চিত করবে যে কাজসমূহ (যেমনঃ নির্গত তরল বর্জ্য অপসারণ বা উৎপাদিত কম্পোস্টের গুণগতমান) বিদ্যমান নিয়ম ও নীতি মেনেই বাস্তবায়িত হচ্ছে এবং এতে জনস্বাস্থ্য এবং পরিবেশের কোনো ক্ষতি হচ্ছে না।
- (২) যতদিন পর্যন্ত পয়ঃবর্জ্যের পরিশোধন ব্যবস্থা নির্মিত না হয়, ততদিন পর্যন্ত পয়ঃবর্জ্য (যা অনসাইট স্যানিটেশন ব্যবস্থা থেকে খালিকৃত) পৌরসভা কর্তৃক নির্ধারিত কোনো জমি বা এলাকাতে গর্ত বা পরিখা খনন করে ফেলতে হবে এবং গর্ত বা পরিখা পূর্ণ হয়ে গেলে তা মাটি দিয়ে যথাযথভাবে ঢেকে দিতে হবে।
- (৩) পয়ঃবর্জ্য পরিশোধন ব্যবস্থার উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণের জন্য পৌরসভা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সঙ্গে যৌথভাবে কাজ করতে পারে।
- (৪) পৌরসভা আইন, ২০০৯-এর ধারা ৯৫ এবং ৯৬ মোতাবেক পৌরসভা পয়ঃবর্জ্য পরিশোধন ও অপসারণ এবং এর মাধ্যমে উৎপাদিত পণ্য ব্যবহার/বাজারজাতকরণের জন্য সেবা সংগ্রহের আওতায় প্রাইভেট সেক্টর বা বেসরকারি সংস্থাসমূহকে (আউটসোর্সিং-এর মাধ্যমে) নিয়োজিত করতে পারবে।
- (৫) এই পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা কাঠামোর উপ-অনুচ্ছেদ ৪.২.৩-এর ধারা ৭ মোতাবেক পৌরসভা পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য ফি আলাদাভাবে অথবা পয়ঃবর্জ্য সংগ্রহ এবং পরিবহনের ফি-এর সাথে একত্রে ধার্য করতে পারবে।
- (৬) পয়ঃবর্জ্য পরিশোধন কেন্দ্র স্থাপন ও রক্ষণাবেক্ষণের জন্য পৌরসভা তার বিদ্যমান নীতিমালা ও প্রবিধান মেনে পরিবেশ অধিদপ্তর ও আইইউডিসিআর অথবা অন্য কোনো বিশেষায়িত জাতীয় বা আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সহায়তা চাইতে পারবে।
- (৭) পয়ঃবর্জ্য পরিশোধন ব্যবস্থা থেকে উৎপাদিত কম্পোস্ট বা জৈবসার (যদি থাকে) ব্যবহার বা বাজারজাত করার লাইসেন্স প্রাপ্তি সহজীকরণের জন্য পৌরসভা কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহায়তা চাইবে।
- (৮) পরিশোধনের সর্বশেষ পর্যায়ে উৎপাদিত পণ্যের (কম্পোস্ট বা জৈব সার) কৃষিকাজে, জমি তৈরি বা অন্য উদ্দেশ্যে নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণে পৌরসভা কৃষি মন্ত্রণালয়ের সঙ্গে কাজ করবে।

অনুচ্ছেদ ৪.৩ : মাঠ পর্যায়ে আইনি বাধ্যবাধকতা অনুসরণে “পরিবেশ পুলিশ”

- (১) পরিবেশ ও বন মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তরের মাধ্যমে নিশ্চিত করবে যে, পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার সম্পূর্ণ সেবা চেইনে পরিবেশ সম্পর্কিত সকল আইন, প্রবিধান এবং নীতিমালাগুলো সংশ্লিষ্ট সকলে যথাযথভাবে অনুসরণ করছে।
- (২) পরিশোধিত পয়ঃবর্জ্য অপসারণ অথবা পুনঃব্যবহারের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয় সকল স্টেকহোল্ডারদের সাথে পরামর্শক্রমে যথাযথ মান/নির্দেশিকা তৈরির উদ্যোগ গ্রহণ করবে।
- (৩) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়সহ অন্যান্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সঙ্গে পরামর্শক্রমে মাঠ পর্যায়ে আইন ও প্রবিধান, নিরাপত্তা মান এবং নীতিমালার অনুশীলন নিশ্চিত করার লক্ষ্যে তাৎক্ষণিক জরিমানা আরোপ করার বিধানসহ “পরিবেশ পুলিশ” নামে একটি প্রশিক্ষিত দক্ষ বাহিনী গঠনের আইনগত বিধান তৈরির উদ্যোগ গ্রহণ করবে।

অনুচ্ছেদ ৪.৪ : দক্ষতা বৃদ্ধি, প্রশিক্ষণ এবং গবেষণা

- (১) এই কাঠামোর অধ্যায় ৩.০-এ চিহ্নিত প্রতিষ্ঠানসমূহ (দক্ষতা বৃদ্ধির জন্য অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জ্ঞানের ঘাটতি পূরণ, কারিগরি সহায়তা প্রদান, প্রশিক্ষণ, পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা প্রক্রিয়া ও উৎপাদিত পণ্যের (কম্পোস্ট) গুণগত মান নিশ্চিতকরণে সহায়তা প্রদান করবে।
- (২) কার্যকরী পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় পৌরসভার জনবল কাঠামোতে (অর্গানোগ্রাম) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার জন্য একটি ইউনিট/বিভাগ স্থাপনের পদক্ষেপ গ্রহণ করবে।
- (৩) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জ্ঞানের ঘাটতি পূরণের জন্য এবং পৌরসভা ও অন্যান্য স্টেকহোল্ডারদের জনবলের দক্ষতা বৃদ্ধিতে মন্ত্রণালয়সমূহ (৩ নং অধ্যায়ের তালিকা মোতাবেক) এবং লাইন এজেন্সিসমূহ, গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ, উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ এবং আন্তর্জাতিক/ দেশীয় বেসরকারী সংস্থা (I/NGO) সমূহ সহযোগিতা প্রদান করবে।

- (৪) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার উপর দক্ষতা বৃদ্ধি, প্রশিক্ষণ এবং গবেষণার জন্য জাতীয় পর্যায়ে গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ (আইটিএন-বুয়েট, কারিগরি ও কৃষি বিশ্ববিদ্যালয়সমূহ/ইনস্টিটিউটসমূহ/ কেন্দ্রসমূহ) সংশ্লিষ্ট বিষয়ে আন্তর্জাতিক গবেষণা/প্রশিক্ষণ সংস্থাসমূহ/ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয়সমূহ, আন্তর্জাতিক বেসরকারি সংস্থাসমূহ এবং প্রাইভেট সেক্টরের সঙ্গে যৌথভাবে কাজ করবে। বাংলাদেশ সরকারের মন্ত্রণালয়সমূহ এবং উন্নয়ন সহযোগীরা এই উদ্যোগে সহযোগিতা করবে।
- (৫) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা বিষয়ে দক্ষতা বৃদ্ধি, গবেষণা এবং প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ সমন্বয় সাধন এবং নির্দেশনা প্রণয়নে কাজ করবে। পৌরসভার মধ্যে পয়ঃবর্জ্য বিষয়ক জ্ঞান/তথ্য আদান-প্রদান ও অভিজ্ঞতা বিনিময়ের ব্যবস্থা গ্রহণ করবে।

অনুচ্ছেদ ৪.৫ : সচেতনতা বৃদ্ধি

- (১) এই কাঠামোর অধ্যায় ৩.০-এ চিহ্নিত প্রতিষ্ঠানসমূহ (সচেতনতা বৃদ্ধিতে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ) সচেতনতা অভিযান, প্রাইভেট সেক্টরের অংশগ্রহণ বৃদ্ধি এবং পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা বিষয়ে ব্যবসার সুযোগ সৃষ্টিতে সহায়তা করবে। পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার উপর সচেতনতা বৃদ্ধি অভিযানে সংশ্লিষ্ট মন্ত্রণালয় (৩ নং অধ্যায়ে চিহ্নিত) এবং লাইন এজেন্সিসমূহ সহায়তা দিবে।
- (২) সরকারের মন্ত্রণালয়, গবেষণা প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগীদের সহায়তায় আন্তর্জাতিক/ দেশীয় বেসরকারী সংস্থা (I/ NGO)/ কমিউনিটি ভিত্তিক সংগঠন (CBO) সমূহ পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার উপর জন সচেতনতা বৃদ্ধিতে প্রধান ভূমিকা পালন করবে এবং প্রাইভেট সেক্টরসহ অন্যান্য স্টেকহোল্ডারদের মধ্যে অংশীদারিত্ব স্থাপনে সহায়তা করবে।
- (৩) সুশীল সমাজ সংগঠন (CSO), প্রিন্ট, ইলেকট্রনিক এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জনগোষ্ঠীকে অবহিত করতে আন্তর্জাতিক/ দেশীয় বেসরকারী সংস্থা (I/NGO)/ এবং গবেষণা প্রতিষ্ঠানের (কারিগরি বিষয়ে সহায়তার জন্য) সঙ্গে কাজ করবে।

অনুচ্ছেদ ৪.৬ : কারিগরি এবং তহবিল সহায়তা

- (১) পৌরসভাগুলোতে পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার অবকাঠামো উন্নয়নের জন্য বাংলাদেশ সরকার অর্থ বরাদ্দ বৃদ্ধি এবং অন্যান্য সহযোগিতা (যেমনঃ পরিশোধন সুবিধার অবকাঠামো নির্মাণের জন্য ভূমি) প্রদান করবে।
- (২) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা পৌরসভায় প্রতিষ্ঠিত করার জন্য বহুপাক্ষিক অথবা দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাধ্যমে পৌরসভাগুলোতে কারিগরি সহযোগিতা এবং তহবিল সহায়তা দিতে পারবে।
- (৩) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার অবকাঠামো (যেমনঃ পয়ঃবর্জ্য পরিশোধনাগার) পরিকল্পনা ও বাস্তবায়নে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় লাইন এজেন্সিসমূহের (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর) মাধ্যমে সরাসরি অথবা প্রকল্প ভিত্তিক কারিগরি এবং অন্য প্রাসঙ্গিক সহায়তা দিতে পারবে।
- (৪) স্থানীয় সরকার বিভাগ পয়ঃবর্জ্য সংগ্রহ, পরিবহন এবং পরিশোধন, পয়ঃবর্জ্য পরিশোধনাগারের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ (O&M), পয়ঃবর্জ্য পরিশোধনাগার থেকে নির্গত বর্জ্য পানি অপসারণ, পয়ঃবর্জ্য পরিশোধনের মাধ্যমে উৎপাদিত উপজাত পণ্যের মান নিয়ন্ত্রণ/মান/নির্দেশনা তৈরির এবং উৎপাদিত কম্পোস্ট বা জৈব সারের (যদি হয়) ব্যবহার বা বাজারজাতকরণে লাইসেন্স প্রাপ্তির জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করবে।


পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা চেইনের আর্থিক দিক

অনুচ্ছেদ ৫.১: পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার খরচ

পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার মধ্যে বিভিন্ন কাজ অন্তর্ভুক্ত যেমনঃ পয়ঃবর্জ্য সংগ্রহ, পরিবহন, পরিশোধন, অপসারণ এবং/অথবা পুনঃব্যবহার এবং প্রতিটি কাজের সাথেই ব্যয় জড়িত রয়েছে। পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার অবকাঠামো যেমনঃ পরিশোধনাগার এবং ভ্যাকুটাগ অত্যন্ত ব্যয়বহুল। সেজন্য এই সকল অবকাঠামোর জন্য সরকারি সহযোগিতা প্রয়োজন। অন্যসব খরচ যেমনঃ পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন এবং নিয়মিত রক্ষণাবেক্ষণ ব্যয় সেবা গ্রহণকারীদের কাছ থেকে প্রাপ্ত ফি/চার্জ থেকে মিটানো যাবে। পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার প্রধান অবকাঠামো স্থাপনে পৌরসভা, স্থানীয় সরকার বিভাগের সহায়তা গ্রহণ করবে; একই সাথে পৌরসভা পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা প্রদানের জন্য ব্যবসায়িক মডেল প্রস্তুত করবে, যেখানে সেবা গ্রহণকারীদের কাছ থেকে ফি/চার্জ আদায়ের ব্যবস্থা থাকবে।

অনুচ্ছেদ ৫.২: পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার প্রস্তাবিত তহবিল প্রবাহ

এক ধাপ থেকে অন্য ধাপে তহবিল প্রবাহ সতর্কতার সঙ্গে করতে হবে, যাতে পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা টেকসই করা যায়। পৌরসভায় পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার বিদ্যমান অবস্থা এবং এ বিষয়ে বিভিন্ন অংশীদারের মধ্যে বিদ্যমান সচেতনতার মাত্রা বিবেচনায় রেখে পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার তহবিল প্রবাহের জন্য নিম্নের প্রস্তাবিত চিত্র নং ৩ বিবেচনা করা যেতে পারে।



চিত্র ৩ : (ক) খানা থেকে শুরু করে পরিশোধনের পর উৎপাদিত পণ্য পর্যন্ত পয়ঃবর্জ্য প্রবাহ চিত্র;

(খ) পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবার বিভিন্ন অংশীদারের মধ্যে তহবিল প্রবাহের চিত্র

উপরোক্ত চিত্রে তহবিল প্রবাহ শুরু হয় খানা/জনগোষ্ঠী/প্রতিষ্ঠান (সরকারি এবং বেসরকারি) যেখান থেকে পয়ঃবর্জ্য সংগ্রহ করা হয়। খানা/জনগোষ্ঠী/প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত অর্থ দুই ভাগে বিভক্ত হবেঃ একটি অংশ হলো পয়ঃবর্জ্য সংগ্রহকারী এবং পরিবহন সেবা প্রদানকারীকে প্রদেয় ফি (সেপটিক ট্যাংক বা পিট খালি করার জন্য); অপর অংশটি হলো পৌরসভাকে প্রদেয় ফি, যা পয়ঃনিষ্কাশন ফি ও হোল্ডিং ট্যাক্স হিসাবে গ্রহণ করতে হবে এবং যার সাহায্যে পয়ঃবর্জ্য পরিশোধনের খরচ বহন করা হবে। পয়ঃবর্জ্য সংগ্রহ করার সেবা মূল্য আধারের আয়তন এর উপর ভিত্তি করে পৌরসভা কর্তৃক নির্ধারণ করা হবে। পয়ঃনিষ্কাশন ফি বা সেবা মূল্য পানি ব্যবহার অথবা বসত বাড়ির উপর আরোপিত করের আনুপাতিক হারে নির্ধারণ করা যেতে

পারে; এই ফি পৌরসভা স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং অন্য স্টেকহোল্ডারগণের সাথে পরামর্শক্রমে নির্ধারণ করবে।

উক্ত দুই ধারার তহবিল প্রবাহ নিম্ন আয়ের মানুষের জন্য পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা গ্রহণে সহায়ক হবে; কেননা বেশিরভাগ ক্ষেত্রেই এদের স্যানিটেশন ফি-তে পুরাপুরি ভর্তুকি থাকবে/সম্পূর্ণভাবে মওকুফ করা হবে এবং সরকারি তহবিল থেকে এই ব্যয় বহন করা হবে।

পরিশোধনাগারে তহবিল স্থানান্তরের বিষয়টি হচ্ছে উপরের তহবিল প্রবাহচিত্রের একটি গুরুত্বপূর্ণ দিক। পয়ঃবর্জ্য সংগ্রহ ও পরিবহন সেবা প্রদানকারীগণকে সংগৃহীত পয়ঃবর্জ্য পরিশোধনাগার পর্যন্ত বহন করার জন্য পরিশোধনাগার কর্তৃপক্ষ থেকে প্রণোদনা (ইনসেন্টিভ) প্রদান করা হবে। এখানে পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক কাঙ্ক্ষিত/প্রত্যাশিত আচরণকে (যেমনঃ পয়ঃবর্জ্য সংগ্রহ করে পরিশোধনাগারে ফেলা এবং বেআইনি ভাবে পয়ঃবর্জ্য ফেলার হার কমানোকে) উৎসাহিত করার জন্য আর্থিক এই প্রণোদনা (ইনসেন্টিভ) প্রদান করা হবে। এই পদ্ধতিতে সংগ্রহ ও পরিবহন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনা ব্যয়ের একটি অংশ পয়ঃবর্জ্য সংগ্রহের ফির মাধ্যমে প্রাপ্ত অর্থ থেকে সংগ্রহ করবে এবং বাকি অংশ পরিশোধনাগার কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় প্রণোদনা থেকে সংগ্রহ করবে। এর ফলে, দরিদ্র খানার/পরিবারের জন্য পয়ঃবর্জ্য অপসারণ সেবা গ্রহণ করা সাধের মধ্যে থাকবে, বেশি পয়ঃবর্জ্য সংগৃহীত হবে, পরিবেশের উন্নতি হবে এবং সমগ্র জনগোষ্ঠী লাভবান হবে।

পরিশোধনাগারের পরিচালনা এবং ব্যবস্থাপনার খরচ মিটানোর জন্য পৌরসভা সংগৃহীত পয়ঃনিষ্কাশন কর/সেবা মূল্যের একটি অংশ ব্যয় করবে। পয়ঃবর্জ্য সংগ্রহ এবং পরিবহন সেবার লাইসেন্স/পারমিট প্রাপ্তির জন্য পৌরসভা বার্ষিক ফি ধার্য করবে। পরিশোধনাগার কর্তৃপক্ষ সেখানে উৎপাদিত পণ্য (কম্পোস্ট) বাজারজাত এবং বিক্রির কাজে নিয়োজিত বেসরকারি উদ্যোক্তা অথবা এনজিওদের কাছে বিক্রি করতে পারবে।

তবে, প্রকৃতপক্ষে পৌরসভার বাজেট ঘাটতি পূরণের জন্য, বিশেষ করে বড় ধরনের অবকাঠামো নির্মাণের জন্য সরকারি সহায়তা প্রয়োজন হবে। পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার বর্তমান অবস্থার ভিত্তিতে, এবং ভবিষ্যতে পয়ঃবর্জ্য ব্যবস্থাপনায় ইতিবাচক পরিবর্তন আসবে এবং পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা সেবা একটি লাভজনক ব্যবসা হবে এই প্রত্যাশার উপর ভিত্তি করে এই কাঠামোতে তহবিল প্রবাহ প্রস্তাব করা হয়েছে।

Policy Support Branch (PSB)
Local Government Division
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Government of the People's Republic of Bangladesh